

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ	:	২১ জানুয়ারি, ২০০৯
স্থান	:	সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি	:	কর্ণেল এ বি এম তাহেফুল ইসলাম প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
		ও
		স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- |     |  |           |
|-----|--|-----------|
| (১) | কমান্ডার মোঃ আলী চৌধুরী, (সি), পিএসসি, বিএন<br>নেভাল প্রভোষ্ট মার্শাল, ঢাকা<br>প্রতিনিধি<br>বিএনএস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস।                               | উপস্থিত   |
| (২) | উইং কমান্ডার মুহাম্মদ শাফকাত আলী, এএফডিইসি, পিএসসি,<br>জিডি(পি)<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস।                     | অনুপস্থিত |
| (৩) | লেং কর্ণেল মোঃ নজরুল ইসলাম<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।  | উপস্থিত   |
| (৪) | মেজর মোঃ মোমিনুর রহমান মামুন<br>প্রতিনিধি<br>কমান্ড্যান্ট<br>সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।        | উপস্থিত   |
| (৫) | জনাব জিয়াউল ইসলাম চৌধুরী<br>বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত   |
| (৬) | লেং কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।                              | উপস্থিত   |
| (৭) | বেগম সালমা সিদ্দিকা মাহতাব<br>সহকারী কর্মিশনার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন এক্প ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ এবং লেং কর্ণেল মোঃ শায়েরজামান, পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।



চলমান পত্র

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিরূপকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায়

আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসমতিক্রমে গৃহীত হয় ।

আলোচ্যসূচী-১ : গত ২৬ নভেম্বর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত : গত ২৬ নভেম্বর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণীর উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। উক্ত সভার আলোচ্যসূচী-২৩ এর গৃহীত সিদ্ধান্তে রজনীগঙ্গা সুপার মার্কেটে সজি আড়ৎ করার নিমিত্তে ১০(দশ)’ জনকে ২০×১০ জায়গা বরাদের সিদ্ধান্ত গৃহীত হলেও অনবধানতাবশতঃ ০৯(নয়) জনের তালিকা ছাপানো হয়। দশম স্থানটি জনাব মোঃ এনায়েত শিকদার, পিতা- মৃত বদিয়াল হক শিকদার, ডিএমসি-৬০৬, উক্তর কাফরুল, ঢাকা সেনানিবাস এর নামে বরাদ করার সিদ্ধান্ত গৃহীত হলো। সভার অন্যান্য সিদ্ধান্ত পর্যালোচনাতে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ : ডিসেম্বর, ২০০৮ মাসের রাজৰ আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, কচুক্ষেত পুরান বাজার এলাকা, বনানী, মহাখালী ও বারিধারা ডিওএইচএস এলাকার গৃহকর এবং রজনীগঙ্গা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ বোর্ডের অনেক বকেয়া রয়েছে। ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত এলাকার সকল বকেয়ার হাল নাগাদ তালিকা প্রস্তুত করে ১৫ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকলকে বকেয়া পরিশোধের জন্য তাগিদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ : ডিসেম্বর, ২০০৮ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : ডিসেম্বর, ২০০৮ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ : ডিসেম্বর, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : ডিসেম্বর, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ : ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ।

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	আবেদনকারীর নাম ও ঠিকানা	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
(১)	প্লট # ২, রোড # ১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ শরীফ চৌধুরী ও জনাব মোঃ নাইম চৌধুরী	নং- ১৩০০/১২০/৫৭/৫ তাঁ- ০৭/৮/২০০৮	নং- ঢাক্যাবো/ক্যাট্বাঃএঃ/ ২/১০০ তাঁ- ০৬/১১/২০০৮	রেজিস্ট্রির ক্রয়। দলিলমূলে ক্রয়।
(২)	প্লট # ১৬/এইচ, ফ্ল্যাট#৪/সি রোড#২/এ ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস।	মিসেস ফাতেমা খাতুন প্লট # ১৬/এইচ, ফ্ল্যাট#৪সি, রোড#২/এ ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস।	নং- ১৩০০/১২০/৫৭/৫ তাঁ- ০৮/৯/২০০৮	নং- ঢাক্যাবো/ ক্যাট্বাঃএঃ/১৬/এইচ/ফ্ল্যাট নং-৪/সি/১৪ তাঁ- ২২/১০/২০০৮	রেজিস্ট্রির ক্রয়। দলিলমূলে ক্রয়।
(৩)	প্লট # ৪৩/ই, ফ্ল্যাট#৩/বি, রোড#৮ ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস।	বিগেং জেনাঃ মোঃ আবুল কালাম আজাদ ও লেং কর্ণেল শিরীন বানু (অবঃ) উদয়ন-১০, শহীদ আজিজ পল্লী, ঢাকা সেনানিবাস।	নং- ১৩০০/৩০/১০/ নিরাপত্তা তাঁ- ১২/৬/২০০৮	নং- ঢাক্যাবো/ ক্যাট্বাঃএঃ/৪৩/ই/ফ্ল্যাট নং- ৩/বি/১৮ তাঁ- ০৯/৭/২০০৮	রেজিস্ট্রির ক্রয়। দলিলমূলে ক্রয়।
(৪)	প্লট # ৪২/এ, ফ্ল্যাট#১, রোড#৮ ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস।	মিসেস হেসেম আরা প্লট # ৪২/এ, ফ্ল্যাট#১, রোড#৮ ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস।	নং- ১৩০০/১২০/৫৭/৫ তাঁ- ১৩/৩/২০০৮	নং- ঢাক্যাবো/ ক্যাট্বাঃএঃ/৪২/এ/ফ্ল্যাট নং- ১/৩০ তাঁ- ১৬/৬/২০০৮	রেজিস্ট্রির ক্রয়। দলিলমূলে ক্রয়।
(৫)	প্লট # ৯, ফ্ল্যাট#এ/৩, রোড#১ ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ আব্দুল বাসিত মাহতাব ও মিসেস সৈয়দা রশি মাহতাব প্লট # ৯, ফ্ল্যাট#এ/৩, রোড#১ ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস।	নং- ১৩০০/১২০/৫৭/৫/ক তাঁ- ২৩/৩/২০০৮	নং- ঢাক্যাবো/ ক্যাট্বাঃএঃ/৯/ফ্ল্যাট নং- এ/৩/৩০ তাঁ- ২৯/৬/২০০৮	রেজিস্ট্রির ক্রয়। দলিলমূলে ক্রয়।

গৃহীত সিদ্ধান্ত : আলোচনাতে উপরোক্তবিত্ত ফ্ল্যাটসমূহ রেজিস্ট্রির ক্রয় করায় সংশ্লিষ্ট ক্রেতাগণের নামে  
নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-৬ : ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ৪-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতার নাম ও ঠিকানা	ডিজিটাইজড এবং ছাড়পত্র নম্বর ও তারিখ
(১)	প্লট #১৬/এইচ, ফ্ল্যাট#বি/৫ রোড #২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব ময়নুল আবেদীন, ব্যবস্থাপনা পরিচালক, সামিত প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) এর ১০ জুলাই, ২০০৩ তারিখের আবেদন।	লেং কর্ণেল নিরাঞ্জন ভট্টাচার্য প্লট #১৬/এইচ, ফ্ল্যাট#বি/৫ রোড #২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	নং- ১৩০০/৩০/১০/নিরাপত্তা তাং-২৫/১১/২০০৮
(২)	প্লট #২১, ফ্ল্যাট#বিএস-৩ রোড #৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ মির্জা আহসানুল হকিব পিতা- মরহুম মোলভী আলোয়ার উদ্দিন মিয়া, বাসা#৭৬, রোড#১১/এ, ধানমন্ডি, ঢাকা।	জনাব মোঃ এনামুল হক ও জনাব মোঃ এমদাদুল হক, ৮/১৬, ব্রক-৪, লালমাটিয়া, ঢাকা-১২০৭।	নং- ১৩০০/১১০/ইটেট-১ তাং-১৬/২/২০০৩
(৩)	প্লট #২৬/সি, ফ্ল্যাট#সি-৩ রোড #৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ ফজলুল হক খান প্লট #২৬সি, রোড #৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মেজর (অবঃ) হাসান বানু প্লট #২৬/সি, ফ্ল্যাট#সি-৩ রোড #৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	নং- ১৩০০/৩০/১০/নিরাপত্তা তাং-২৩/১২/২০০৮
(৪)	প্লট #২৩, ফ্ল্যাট#৮ রোড #৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	হাজী মোঃ ফুল মিয়া প্লট #২৩, রোড #৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস আশুমান নাহার বাড়ী#১০/বি, রোড#৫৩, গুলশান মডেল টাউন, ঢাকা-১২১২।	নং- ১৩০০/১২০/৫৭/৫ তাং-২৪/১২/২০০৮
(৫)	প্লট #১৬/এইচ, ফ্ল্যাট#সি/১ রোড #২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব ময়নুল আবেদীন, ব্যবস্থাপনা পরিচালক, সামিত প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) এর ১০ জুলাই, ২০০৩ তারিখের আবেদন।	মুহাম্মদ মুশফিকুল আমীন প্লট #১৬/এইচ, ফ্ল্যাট#সি/১ রোড #২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	নং- ১৩০০/১২০/৫৭/৫ তাং-২৫/১১/২০০৮
(৬)	প্লট #২৬/এ, ফ্ল্যাট#৮/সি, রোড #৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ হাসিবুল বাশার (খন্দকার আওলাদ হোসেন ও খন্দকার এমদাদ হোসেন এর নিযুক্তীয় আম-মোকার) ব্যবস্থাপনা পরিচালক, এক্সিলেন্ট বিল্ডার্স লিঃ। ০৮/৯/২০০৬	জনাব এহতেশামুল হক প্লট #২৬/এ, ফ্ল্যাট#৮/সি, রোড #৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	নং- ১৩০০/১২০/৫৭/৫ তাং-০৮/২/২০০৭
(৭)	প্লট #২৬/এ, ফ্ল্যাট#২সি, রোড #৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ হাসিবুল বাশার (খন্দকার আওলাদ হোসেন ও খন্দকার এমদাদ হোসেন এর নিযুক্তীয় আম-মোকার) ব্যবস্থাপনা পরিচালক, এক্সিলেন্ট বিল্ডার্স লিঃ। ০৮/৯/২০০৬	মিসেস জাহানারা জলি ১৫৪, জিপি-জি, ঘণ্টের নীড়, ৫ম তলা পূর্ব পার্শ, ওয়্যারলেস পেইট, মহাখালী ঢাকা।	নং- ১৩০০/১২০/৫৭/৫ তাং-০৬/৩/২০০৮
(৮)	প্লট #২৬/এ, ফ্ল্যাট#২/এ, রোড #৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ হাসিবুল বাশার (খন্দকার আওলাদ হোসেন ও খন্দকার এমদাদ হোসেন এর নিযুক্তীয় আম-মোকার) ব্যবস্থাপনা পরিচালক, এক্সিলেন্ট বিল্ডার্স লিঃ। ০৮/৯/২০০৬	জনাব মোঃ আতিকুর রহমান খান ও মিসেস আফরীনা আজিজ ৩২২, দক্ষিণ কাফরল, ঢাকা।	নং- ১৩০০/১২০/৫৭/৫ তাং-১৭/১/২০০৭

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে উপরোক্তিখন্ত প্লট/ফ্ল্যাট সংশ্লিষ্ট  
ক্রেতাগণের নিকট বিক্রয়/হস্তান্তরের নিমিত্তে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ : ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণির উভয় পার্শ্ব হতে কর্তনকৃত মরা গাছ ও বিভিন্ন সময়ে ঝড়ে ভাঙা গাছের  
ডালপালা আনুমানিক ১২০০ কেজি (কম/বেশী) নিলামে বিক্রয়ের নিমিত্তে পর পর দুইবার দরপত্র আহ্বান  
করা হলে সন্তোষজনক দর না পাওয়ায় তৃতীয় বারের মতো দরপত্র আহ্বান করা হলে গত ১২ জানুয়ারি,  
২০০৯ তারিখে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স দুলাল ফার্নিসার এন্ড স্টীল ওয়ার্কস,  
১৯৯/২, কচুক্ষেত, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত ৫৪,৫০৯/- (চুয়ান্ন হাজার পাঁচশত নয়) টাকার দরটি  
সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনাতে মেসার্স দুলাল ফার্নিসার এন্ড স্টীল ওয়ার্কস, ১৯৯/২, কচুক্ষেত, ঢাকা  
ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত ৫৪,৫০৯/- (চুয়ান্ন হাজার পাঁচশত নয়) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদন করা  
হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের প্রত্যু প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৮ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আর্মি কঞ্জারভেসী শাখার ঢাকা মেট্রো-ম-০৫-০০১৬ নং গাড়ীর বডি এবং চেসিস মেরামতসহ সম্পূর্ণ গাড়ী রং করার নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ৩০ ডিসেম্বর, ২০০৮ তারিখে ০৩(তিনি)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে আমিন ব্রাদার্স, সিবি-২০৯, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা ক্যান্ট ১০৯,০০০/- (নিরামুদন হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে কর্তৃক ৯৯,০০০/- (নিরামুদন হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, গাড়ী মেরামত ব্যয় আর্মি খাত হতে সংকুলান করা যেতে পারে।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনাতে মেসার্স আমিন ব্রাদার্স, সিবি-২০৯, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা ক্যান্ট কর্তৃক প্রদত্ত ৯৯,০০০/- (নিরামুদন হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেসী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-৯ : ডিওএইচএস বনানী, মহাখালী ও বারিধারা এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকাসহ সেনানিবাস সংলগ্ন এলাকাসমূহে মশক নিধন কার্যক্রম পরিচালনার নিমিত্তে কৌটনশাক, জ্বালানীসহ বিভিন্ন সরঞ্জামাদি এবং স্প্রে মেশিনের খুচরা যন্ত্রাংশ ক্রয়ের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অনুদান চেয়ে স্টেশন হেলথ অর্গানাইজেশন গত ০৫ জানুয়ারি, ২০০৯ তারিখে অত্র দণ্ডরকে অনুরোধ জানানো হয়েছে। এতদিব্যে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় আলোচনাতে স্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস-কে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নেভী কঞ্জারভেসী শাখার গাড়ী নম্বর ঢাকা মেট্রো-ন-৪৫২০ এর জন্য ০১(এক)টি ১২ ভোল্ট ২৫ প্লেট লুকাস ব্যাটারী সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ২৯ ডিসেম্বর, ২০০৮ ০৩(তিনি)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে টায়ার এন্ড ব্যাটারী বাজার, ৬০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা কর্তৃক প্রদত্ত ১৪,৩৬২/- (চৌদ্দ হাজার তিনশত বাষটি) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : আলোচনাতে টায়ার এন্ড ব্যাটারী বাজার, ৬০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা কর্তৃক প্রদত্ত ১৪,৩৬২/- (চৌদ্দ হাজার তিনশত বাষটি) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১১ : বারিধারা ডিওএইচএস এলাকার বাসা বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহ করার জন্য ০৩টি ভ্যান ও ০৩ জন ভ্যান চালক নিয়োগের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৪ ডিসেম্বর, ২০০৮ তারিখের ৭/এমএলএনসি/ ঢাকা/৩১২-১৫/শা-৮/৩৭ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনাতে এ ব্যাপারে বারিধারা ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

আলোচ্যসূচী-১২ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী

নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
(১)	বিএসএস-১৩৬৬ মেজর মোঃ খলিলুর রহমান	১২৮	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন)
(২)	সিএসও-১ জনাব ইলিয়াস হোসেন মোল্লা	৮৮৮	মিরপুর ডিওএইচএস	২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
	সিজিও-১ জনাব মোঃ শওকত আলী	৮৮৬		
(৩)	বিএ-২৫৩২ লেঃ সৈয়দ সালাহউদ্দিন সূর	৮১৮	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(৪)	বিডি-৭১৬০ ছফ্প ক্যাপ্টেন মোঃ রেজাউল করিম তালুকদার	৬২৭	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(৫)	বিএ-১৬৫০ ব্রিগেড জেনাঃ মোঃ আনিসুর রহমান	১৬৭	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(৬)	পি নং-২৯৬ ক্যাপ্টেন মোঃ আব্দুর রউফ	৮৮১	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(৭)	বিএ-১০০২৪৬ ব্রিগেড জেনাঃ আব্দুর রহমান সিদ্দিকী বিএ-১০০২৪২ ব্রিগেড জেনাঃ বজলে কাদের	৭৩৩ ৭৩৫	মিরপুর ডিওএইচএস	২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(৮)	বিএ-১৮২২ কর্ণেল মোঃ সফর আলী মোল্লা	৭৩০	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(৯)	বিএ-১৫৬৩ ব্রিগেড জেনাঃ মোঃ মোনাওয়ার হোসেন বিএ-১৫৬১ লেঃ কর্ণেল এস এম নুরুল্লাহ সিদ্দিকী	১১৩ ১১২	মিরপুর ডিওএইচএস	২টি প্লটে যৌথভাবে সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন)।
(১০)	জনাব এ কে এম শামসুল আলম	১৩২/এ	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(১১)	জনাব মোঃ মাহবুবুল আলম জনাব মোঃ আব্দুল মাসিদ	৮৮৯ ৮৯১	মিরপুর ডিওএইচএস	২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(১২)	বিএ-১৬২১ লেঃ কর্ণেল হাফিজ উদ্দিন আহমেদ	১৪৩	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(১৩)	বিএসএস-১৫৮৬ মেজর মোঃ আকবর হোসেন	১৬০	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(১৪)	বিএ-১৫২১ ব্রিগেড জেনাঃ ডি এস শওকত রাজা	২২১	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন)
(১৫)	বিএ-১১০০৮৮ কর্ণেল মোঃ আবেদুর রহমান বিএ-১৯৯৪ ব্রিগেড জেনাঃ মোঃ জামিল আহমেদ	৬২০ ৬২২	মিরপুর ডিওএইচএস	২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(১৬)	বিএসএস-১৮৬৪ মেজর (অবঃ) মোঃ বরকত উল্লাহ বিএ-২১১২ লেঃ কর্ণেল শওকত আখতার	৮৬০ ৮৬২	মিরপুর ডিওএইচএস	২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(১৭)	জনাব মোঃ গোলাম কিবরিয়া চৌধুরী	৮৯৬	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন)
(১৮)	বিডি-৬০৯১ ছফ্প ক্যাপ্টেন (অবঃ) এম আবু জাফর চৌধুরী	৩৭১	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন)
(১৯)	বিএ-১৯৮০ মোহাম্মদ আব্দুল আউয়াল (অবঃ)	১৪৯	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(২০)	বিএ-১০০২৫৭ ব্রিগেড জেনাঃ মোঃ গোলাম মোস্তফা	৬৩৬	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(২১)	১। জনাব এ কে এম তারেক ২। জনাব এ কে এম আরিফ	৯৮/এ	বনানী ডিওএইচএস	পুরাতন ৩য় তলা ভবন ভেঙ্গে নতুন ৫তলা ভবন নির্মাণ।
(২২)	(ক) মিসেস ইয়াসমিন সাদেক স্বামী- জনাব মাসুদ সাদেক (খ) মিসেস সানজানা সাদেক পিতা- জনাব মাসুদ সাদেক	৮/বি	বনানী ডিওএইচএস	২ (দুই) তলা পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন ০৬(ছয়) তলা ভবন নির্মাণ
(২৩)	মিসেস ইয়াসমিন খান স্বামী- লেঃ কর্ণেল মোঃ ওবায়দুল্লাহ খান	১৯৯	মহাখালী ডিওএইচএস	২ (দুই) তলা পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন ০৬(ছয়) তলা ভবন নির্মাণ
(২৪)	বিএসএস-৩৯২ লেঃ কর্ণেল মোঃ মোসাবির রহমান (অবঃ)	৩১৭	মহাখালী ডিওএইচএস	সংশোধিত (৪ তলা ভবনের উপর ৫ম তলা নির্মাণ এবং অর্ধেক অংশে নতুন ৬ তলা ভবন নির্মাণ)

চলমান পাতা-৬

১১

ক্রমিক নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
(২৫)	(ক) বিএসএস-৩২০ লেং কর্ণেল এ এফ এ হামিদ (অবঃ) (খ) বিএসএস-৮৪০ মেজর এস এম শাহিদুজ্জামান (অবঃ) (গ) বিএসএস-৮৩০ মেজর মোঃ আবু হোসাইন (অবঃ) (ঘ) বিএসএস-১০৩২ মেজর মোঃ শিয়াকত আলী (অবঃ)	৮০৫	মহাখালী ডিওএইচএস	সংশোধিত (৫ তলা ভবনের উপর ৬ষ্ঠ তলা নির্মাণ)
(২৬)	(ক) মিসেস আয়শা হাসিম স্থানী- মরহুম লেং কমাঙ মোঃ আবুল হাসিম, বিএন (অবঃ) (খ) জনাব মোঃ আবুল আফজাল (গ) বেগম ফারজানা হাসিম (ঘ) জনাব মোঃ আবুল আশরাফ সর্বপিতা- লেং কমাত্তার মোঃ আবুল হাসিম, বিএন (অবঃ)	৫৩৫	বারিধারা ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা (নিচতলা এবং ৬ষ্ঠ তলায় অভ্যন্তরীণ পরিবর্তন)
(২৭)	লেং কর্ণেল হারল্ড-উর-রশিদ চৌধুরী (অবঃ) ব্যবস্থাপনা পরিচালক সিএসডি, ঢাকা সেনানিবাস।	৮৪	ক্যান্টনমেন্ট বাজার এলাকা (ব্রডওয়ে বিল্ডিং)	বিদ্যমান ১ তলা ভবনের উপর দোতলা নির্মাণ।
(২৮)	জনাব মোঃ শামসুদ্দিন গং	সি.বি.-১২২ ও ২২৩	কচুক্ষেত পুরান বাজার	০৬(ছয়) তলা নতুন আবাসিক ভবন নির্মাণ।

গৃহীত সিদ্ধান্ত : উপস্থাপিত নকশাসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে ক্রমিক নং-২৭ এ উল্লেখিত ৮৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা (ব্রডওয়ে বিল্ডিং) এর বিদ্যমান ১তলা ভবনের উপর দোতলা নির্মাণের বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে নির্মাণাধীন দোতলার ভাড়ার বিষয়ে চুক্তিপত্র সম্পাদন করতঃ পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-২৮ এ উল্লেখিত নকশাটি আরো যাচাই বাছাই করে এমইও হতে নকশা সংগ্রহ করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হোক। অবশিষ্ট ২৬ (ছারিশ)টি নকশা কারিগরীভাবে সঠিক থাকায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যায়ন অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যায়ন এমইএস সিভিউল অব মেইটস, ২০০৭ মোতাবেক	মন্তব্য
(১)	মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/এ নং রোডের পূর্ব পার্শ্ব দিয়ে ২৭২ নং প্লট হতে ২৭৭ নং প্লটের উত্তর পার্শ্ব দিয়ে লেক পর্যন্ত ড্রেন নির্মাণ।	৪,৯১,৫৬৯/- টাকা	অনুমদন
(২)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/বি নং স্টাফ কোয়ার্টারের পুরানো ছিদ্রযুক্ত পানির ট্যাংক পরিবর্তন করে নতুন পানির ট্যাংক স্থাপন কাজ।	২৫,৫৫৭/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(৩)	সেনাভবনের পশ্চিম পার্শ্ব এবং সেনাকুঞ্জের পূর্ব পার্শ্ব হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের জরাজীর্ণ পুরাতন বৈদ্যুতিক তার পরিবর্তন করে নতুন এ্যালুমিনিয়াম তার স্থাপন কাজ।	১৭,১৬,৮৫৭/- টাকা	অনুদান
(৪)	মুসলিম মডার্ণ একাডেমীর পূর্ব পার্শ্বে নির্মাণাধীন প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষকের বাসভবনের জন্য বিহুষ্ট গ্যাস ও বিদ্যুৎ লাইন স্থাপন কাজ।	১,৯৮,৮৮৪/- টাকা	অনুদান
(৫)	শহীদ রমিজ উদ্দিন কলেজ ভবনের পূর্ব পার্শ্বে তৃতীয় তলার অংশ বিশেষ সম্প্রসারণসহ টয়লেটে টাইলস করন।	২৫,৩০,৮৯৮/-টাকা	১৫,০০,০০০/-টাকা বাজেট বরাদ্দ
(৬)	রিভারভিউ ক্যান্টনমেন্ট স্কুলের টয়লেট নির্মাণ কাজ।	৫০,০০০/-টাকা	বাজেট বরাদ্দ
(৭)	ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বাসা নং-২৫/এ (তৃতীয় তলা পশ্চিম পার্শ্ব), ২৫/এ (নীচতলা পূর্ব পার্শ্ব), ৪৮/এ (নৃতন বিল্ডিং) ২য় তলা দক্ষিণ পার্শ্ব এবং ৬৫/ডি-১২ মেরামত, সংস্কার ও রংকরন কাজ।	১,৫৫,০২৫/-টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(৮)	ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বাসা নং-২৫/ডি-৩, ২৫/ডি-৭ ও ২৫/ডি- ২ এর মেরামত, সংস্কার ও রংকরন কাজ।	১,২৮,৬৮২/-টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(৯)	ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বাসা নং-৪/বি-১, ৬৪/এইচ, বাজার এলাকার ১০১(তৃতীয় তলা) ও মানিকদী স্টাফ কোয়ার্টার-৩ মেরামত, সংস্কার ও রংকরন কাজ।	১,২১,৭০৭/-টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১০)	রজনীগঙ্গা সুপার মার্কেটের ২টি গ্রন্থপ টয়লেট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	১,৪৭,৯৭১/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১১)	বারিধারা ডিওএইচএস এর দুইপার্শের প্রবেশ গেইটে সলিং রাস্তার উপর কার্পেটিংকরণ।	৭,৪২,৬৫৩/- টাকা	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল

চলমান পাতা-৭

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	মন্তব্য
(১২)	বারিধারা ডিওএইচএস জামে মসজিদের ইমাম এর কোয়ার্টার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	৪৬,৪৯৫/- টাকা	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল

গৃহীত সিদ্ধান্ত : আলোচনাতে উপস্থাপিত ১২(বার)টি প্রকল্পের মধ্যে ক্রমিক নং-২ হতে ১২ পর্যন্ত ১১(এগার)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-১ এ উল্লেখিত প্রকল্পটি যাচাই বাছাই করে আগামী সভায় উপস্থাপন করা হোক। ক্রমিক নং-২ হতে ১২ পর্যন্ত ১১(এগার)টি প্রকল্পের চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদণ্ডের প্রত্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উচ্চতম দর	মন্তব্য
(১)	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ১০টি বাসা মেরামত, সংস্কার ও রংকরণ কাজ।	৪,৫২,০০০/- টাকা	মেসার্স আমিন ট্রেডার্স	৫,৫৭,৫৫৬/৫৯ টাকা	অনুমদন
(২)	২৩৫০ সিসি ডাবল কেবিন পিকআপ, পেট্রোল ইঞ্জিন, সিএনজি কনভারশন ও রেজিস্ট্রেশনসহ সর্বশেষ মডেলের নতুন পিক-আপ।	বাজার দর	প্যাসিফিক মোটর লিঃ	২০,৯৬,০০০/- টাকা	অনুমদন
(৩)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের সীমানা চিহ্নিতকরণের জন্য ১০০০টি আরসিসি পিলার নির্মাণ কাজ।	৮,০০,০০২/- টাকা	মেসার্স কে এ ট্রেডার্স	৮,৭৮,৫৪৮/৯২ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৪)	৮ স্ট্রোক ইঞ্জিন বিশিষ্ট ১০০ সিসি মোটর সাইকেল (ওজন ৯৬.৫ কেজি) রেজিস্ট্রেশন সহ (যে কোন ব্রান্ড)।	১,২৫,০০০/- টাকা	মেসার্স মনির এন্ড কোং	১,৭৪,১০০/- টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৫)	মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রোড নং-১৪, ১৫, ২০ ও ২১ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm Sewer স্থাপন কাজ (আরসিসি পাইপ, ডায়া ২৪')।	২৯,৪৭,৬৫৫/- টাকা	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ	৩৫,৩২,৮১২/২০ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৬)	মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে প্লট নং-১২১ ও ৬১৮ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm Sewer স্থাপনকরণ (আরসিসি পাইপ - ডায়া ৪৮')।	৬০,২২,১৬১/- টাকা	মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইার্স	৭২,১৫,১৮১/৭১ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৭)	মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে প্লট নং-৩০ হতে ৩১০ পর্যন্ত জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm Sewer স্থাপনকরণ (আরসিসি পাইপ - ডায়া ৩৫')।	২৯,২২,০৮৭/- টাকা	মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন	৩৫,০৩,৮৬৬/৩১ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৮)	মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে প্লট নং-৫ ও ১০ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm Sewer স্থাপনকরণ (আরসিসি পাইপ - ডায়া ২৪')।	১৬,০৯,৫০৭/- টাকা	মেসার্স এস আলম এন্টারপ্রাইজ	১৯,৩১,৩৩৪/৬৯ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৯)	মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে প্লট নং-৪ ও ৯ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm Sewer স্থাপনকরণ (আরসিসি পাইপ - ডায়া ২৪')।	১৬,০৯,৫০৭/- টাকা	মেসার্স খোরশোদ আলম এন্টারপ্রাইজ	১৯,৩০,৭৬৪/৭০ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(১০)	মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে রোড নং- ৩ ও ৮ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm Sewer স্থাপনকরণ (আরসিসি পাইপ-ডায়া ২৪')।	১৬,০৯,৫০৭/- টাকা	মেসার্স সরদার ট্রেডার্স	১৯,২৮,৭৩৫/৮০ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(১১)	মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে রোড নং- ২ ও ৭ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm Sewer স্থাপনকরণ (আরসিসি পাইপ- ডায়া ২৪')।	১৬,০৯,৫০৭/- টাকা	মেসার্স এ কে কনস্ট্রাকশন	১৯,২৭,২৪১/৮৯ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(১২)	মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে রোড নং- ১, ৬ ও ১১ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm Sewer স্থাপনকরণ (আরসিসি পাইপ -ডায়া ২৪')।	২৪,৫৯,৫০৯/- টাকা	মেসার্স এস এস এন্টারপ্রাইজ	২৯,৪৯,৯৪৩/০৮ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যায়নমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উত্তৃত্ব দর	মন্তব্য
(১৩)	ক্যাটনমেন্ট বোর্ড পরিচালিত সেনাপত্তী উচ্চ বিদ্যালয়ের টায়লেটসমূহে টাইলস স্থাপন।	৩,৩৯,৮৪৪/- টাকা	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ	৪,০৭,৭৩৭/৩৩ টাকা	সংশ্লিষ্ট বিদ্যালয় তহবিল।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে TEC (Tender Evaluation Committee) কর্তৃক মূল্যায়নকৃত দর মোতাবেক উল্লেখিত প্রকল্পগুলোর সর্বনিম্ন উত্তৃত্ব দর অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-১৫ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	কাজের বিবরণ	জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ	ঠিকাদারী ফার্মের নাম
(১)	বনানী ডিওএইচএস এলাকার ৬/বি নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	৩১,১২৭/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স
(২)	বারিধারা ডিওএইচএস এলাকার বারিধারা গেইট ও স্কুল গেইট এবং ইস্টার্ন বাউন্ডারী ওয়াল বরাবর মোট ২১(একুশ)টি ফ্লাড লাইট সরবরাহ ও স্থাপন কাজ।	২১,৪৭৩/- টাকা	মেসার্স আর এস এন্টারপ্রাইজ
(৩)	মহাখালী ডিওএইচএস এলাকার হযরত কালা শাহ বাবা (রহঃ) মাজার সংলগ্ন উত্তর পার্শ্বে খালি জায়গায় ডিওএইচএস মহাখালী জামে মসজিদের ইমামের বাসার বাহিরে পানি ও গ্যাস লাইনের মালামাল সরবরাহ ও স্থাপন কাজ।	৮,৫২৫/- টাকা	মেসার্স খান ট্রেডার্স
(৪)	বারিধারা ডিওএইচএস এলাকার উত্তর পার্শ্বে সীমানা প্রাচীর স্কলার্স ইনসিটিউট হতে শিশু পার্ক পর্যন্ত উচ্চতা বৃদ্ধিকরণ এবং শিশু পার্ক হতে পশ্চিম প্রান্ত পর্যন্ত খালি জায়গায় বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ।	১,০১,৫০০/- টাকা	মেসার্স রিয়া এন্টারপ্রাইজ
(৫)	বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৫ (পশ্চিম প্রান্ত প্লট নং-৩১৩ হতে পশ্চিমের পার্কিং পর্যন্ত) মেরামত ও কার্পেটিং কাজ।	১,২০,৭৭৯/- টাকা	মেসার্স রিয়া এন্টারপ্রাইজ
(৬)	বারিধারা ডিওএইচএস এলাকার নর্দার্ন রোড কার্পেটিং কাজ।	৫৮,৭৭৬/- টাকা	মেসার্স রাইসা কনস্ট্রাকশন (প্রাঃ)
(৭)	বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং১ (প্রধান সড়কের পূর্ব ও পশ্চিম প্রান্ত) মেরামত ও কার্পেটিং কাজ।	২,০৬,০৪৮/- টাকা	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ
(৮)	বারিধারা ডিওএইচএস এলাকার কমিউনিটি সেন্টারের প্রত ারিত স্থানে পি ও এল ডিপোর ভিতর কাটা তারের বেড়া সরানো ও স্থাপন কাজ।	৬,৪১৮/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স
(৯)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ১ম ও ২য় ধাপের বিভিন্ন রাস্তার ভাঙা অংশ মেরামত ও পুনঃসংলিঙ্করণ কাজ।	২০,২৮২/- টাকা	মেসার্স জয়নাল এন্টারপ্রাইজ
(১০)	ক্যাটনমেন্ট বাজার এলাকার ৯/সি প্লটের পার্শ্বে পুরুর পাড় হতে পশ্চিম দিকে কচুক্ষেত্রস্থিত ১৪১ নং বাড়ী পর্যন্ত আরসিসি পাইপ ছেন্ডন নির্মাণ কাজ।	১,০০,৪১৩/- টাকা	মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনাতে সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর  
অতিক্রান্ত হওয়ায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও ব্যবহারকারী/উপকারভোগীর প্রত্যয়ন সাপেক্ষে জামানত হিসেবে  
জমাকৃত অর্থ ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

১

আলোচ্যসূচী-১৬ : মিরপুর ডিওএইচএস এলাকায় ২০×৩০ সাইজের একটি স্থান দোকান করার জন্য সম্পূর্ণ অঙ্গীয়ান ভিত্তিতে ০১(এক) বছরের জন্য ভাড়া প্রদান করার নিমিত্তে স্থানীয়ভাবে ২৭ নভেম্বর, ২০০৮ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তৎপ্রেক্ষিতে ০২(দুই)টি আবেদন পত্র পাওয়া যায়। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনাতে মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে সম্পূর্ণ অঙ্গীয়ানে নিজ খরচে দোকান করার জন্য মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা ভাড়ায় লেঃ কর্ণেল খান এম এ তাহের (অবঃ) কে ০১ (এক) বছরের জন্য ২০ × ৩০ জায়গা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। মিরপুর ডিওএইচএস পরিষদ এর সাথে সমন্বয় করে দোকান পরিচালনা ও এতদ্বারাত্মক শর্তাবলী নির্ধারণ করতে হবে।

আলোচ্যসূচী-১৭ : সশস্ত্র বাহিনী দিবস ২১ নভেম্বর, ২০০৮ উদযাপন উপলক্ষে অফিসার্স ক্লাবে মাননীয় সেনাবাহিনী প্রধান কর্তৃক সংবর্ধনা অনুষ্ঠানে বিভিন্ন খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের রজনীগঙ্গা সুপার মার্কেটে দোকান বরাদ্দের বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৬ জানুয়ারি, ২০০৯ তারিখের ৬২৪/১/এ নং পত্র ও তৎসংযোজিত সেনাসদর, এজি শাখা, পিএস পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৪ জানুয়ারি, ২০০৯ তারিখের ১০১৫/সি/পিএস-২ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সংশ্লিষ্ট পত্র ও তৎসংযোজিত আবেদনপত্রসমূহ সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে রজনীগঙ্গা সুপার মার্কেটস্থ মুরগী শেডে ব্রয়লার মুরগীর ৮ × ১০ ফুট ২৯ নং ভিটি জনাব মোঃ আব্দুল রেজাক পাটোয়ারী, ১৩৫৭/৬, নবাবন কেজি স্কুল রোড, পূর্ব জুরাইন, ঢাকা-কে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা সালামীতে ০৫(পাঁচ) বছরের জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ : মিরপুর ডিওএইচএস এলাকায় আভারগ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল সংযোগ স্থাপন সংক্রান্ত তালুকদার ট্রেডিং করপোরেশন, বাড়ী#৪৫, ফ্ল্যাট#জি-৩, রোড#২৭, ব্লক-এ, বনানী, ঢাকা এর ২০ ডিসেম্বর, ২০০৮ তারিখের আবেদন বিবেচনার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সংশ্লিষ্ট আবেদনপত্র ও তৎসংযুক্ত কাগজাদি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনাতে মিরপুর ডিওএইচএস এলাকায় আভারগ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের নিমিত্তে তালুকদার ট্রেডিং করপোরেশন, বাড়ী#৪৫, ফ্ল্যাট#জি-৩, রোড#২৭, ব্লক-এ, বনানী, ঢাকা-কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত এহেণ করতঃ আগামী বোর্ডসভায় উপস্থাপন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-১৯ : ২৬ নভেম্বর, ২০০৮ তারিখের বোর্ড সভার আলোচ্যসূচী-২১ এর সিদ্ধান্তের অনুবৃত্তিতে প্রতিবন্ধী সমাজ কল্যাণ সংস্থা (PSKS), ৭৪, পশ্চিম ভাষাগটেক, ঢাকা ক্যান্টনমেন্ট, কাফরুল, ঢাকা-১২০৬ এর কার্যালয় অত্র দণ্ডরের ট্যাক্স কালেক্টর কর্তৃক সরেজমিন পরিদর্শন করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ২৫০টি রিকশা লাইসেন্স ইস্যু করার বিষয়ে সরেজমিন পরিদর্শন প্রতিবেদনসহ প্রতিবন্ধী সমাজ কল্যাণ সংস্থা (PSKS) এর ৩০/১০/২০০৮ তারিখের পত্রটি আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনাতে রিকশা লাইসেন্স প্রদান সংক্রান্ত বিষয়ে প্রতিবন্ধী সমাজ কল্যাণ সংস্থা (PSKS), ৭৪, পশ্চিম ভাষাগটেক, ঢাকা ক্যান্টনমেন্ট, কাফরুল, ঢাকা-১২০৬ এর আবেদনটি বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২১

আলোচ্যসূচী-২০ : রজনীগঙ্গা সুপার মার্কেটস্টু ০৩(তিনি) বৎসর মেয়াদী বেকারী ৮/৯, ৮/১০, ৮/১১ এবং ৮/১২ নং দোকানের মেয়াদ গত ৩১/১২/২০০৮ তারিখে উত্তীর্ণ হওয়ায় উক্ত দোকানের বরাদ্দলাভকারীগণ কর্তৃক পরবর্তী ০৩(তিনি) বৎসরের জন্য পুনঃবরাদের জন্য আবেদন করা হয়েছে। এতদ্বারাই আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসমূহ ও নথি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, রজনীগঙ্গা সুপার মার্কেটস্টু ০১(এক) এবং ০৩(তিনি) বছর মেয়াদী দোকানগুলো মেয়াদান্তে নবায়ন করা হলেও অস্থায়ী হওয়ার কারণে কোন সালামী আদায় করা হয় না। এতে বোর্ড বিপুল পরিমাণ রাজস্ব আয় হতে বাধিত হচ্ছে বিধায় উল্লেখিত ০১(এক) বছর মেয়াদী দোকানগুলো সিংগেল সাটার এর ক্ষেত্রে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং ডাবল সাটার এর ক্ষেত্রে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা সালামী আদায় সাপেক্ষে ০৫(পাঁচ) বছর মেয়াদে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রসংগে উল্লেখ্য যে, অস্থায়ী দোকানসমূহের ভাড়া বকেয়া থাকলে তার বরাদ্দ তাৎক্ষণিকভাবে বাতিল করতে হবে।

আলোচ্যসূচী-২১ : রজনীগঙ্গা সুপার মার্কেটস্টু ০১(এক) বৎসর মেয়াদী ৮/১৩, পাকা-৩৫/বি, সি/২২৭, সি/২২৮ এবং এ/১৩-১ নং দোকানের মেয়াদ গত ৩১/১২/২০০৮ তারিখে উত্তীর্ণ হওয়ায় উক্ত দোকানের বরাদ্দলাভকারীগণ কর্তৃক পরবর্তী ০১(এক)/০৫(পাঁচ) বৎসরের জন্য পুনঃবরাদের আবেদন করা হয়েছে। এতদ্বারাই আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসমূহ ও নথি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, রজনীগঙ্গা সুপার মার্কেটস্টু ০১(এক) এবং ০৩(তিনি) বছর মেয়াদী দোকানগুলো মেয়াদান্তে নবায়ন করা হলেও অস্থায়ী হওয়ার কারণে কোন সালামী আদায় করা হয় না। এতে বোর্ড বিপুল পরিমাণ রাজস্ব আয় হতে বাধিত হচ্ছে বিধায় উল্লেখিত ০১(এক) বছর মেয়াদী দোকানগুলো সিংগেল সাটার এর ক্ষেত্রে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং ডাবল সাটার এর ক্ষেত্রে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা সালামী আদায় সাপেক্ষে ০৫(পাঁচ) বছর মেয়াদে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রসংগে উল্লেখ্য যে, অস্থায়ী দোকানসমূহের ভাড়া বকেয়া থাকলে তার বরাদ্দ তাৎক্ষণিকভাবে বাতিল করতে হবে।

আলোচ্যসূচী-২২ : কচুক্ষেত্র প্রধান সড়কের দক্ষিণ প্রান্তে ওয়াসার পানির পাম্প সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের জমিতে পরিচ্ছন্ন কাজের সুবিধার্থে ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক মিনি ট্রাঙ্গফার স্টেশন নির্মাণ কাজে অনাপত্তি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে ঢাকা সিটি কর্পোরেশন এর নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, অঞ্চল-৭ (মিরপুর) এর ২৩ ডিসেম্বর, ২০০৮ তারিখের ডি-৪৫১/প্রকৌঃ বিঃ অঃ-৭ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে কচুক্ষেত্র প্রধান সড়কের দক্ষিণ প্রান্তে ওয়াসার পানির পাম্প সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের জমিতে পরিচ্ছন্ন কাজের সুবিধার্থে ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মিনি ট্রাঙ্গফার স্টেশন নির্মাণের জন্য অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে শর্ত থাকে যে, প্রস্তাবিত মিনি ট্রাঙ্গফার স্টেশনের আশেপাশে স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখতে হবে এবং ক্যান্টনমেন্ট বোর্ডের প্রয়োজনে যে কোন সময়ে এ স্থানটি খালি করে দিতে হবে।

চলমান পাতা-১১

আলোচ্যসূচী-২৩ : ট্রাঙ্কম ইলেক্ট্রনিক্স লিঃ কর্তৃক শহীদ সরণির পশ্চিম পার্শ্বে রজনীগঙ্গা অফিসার্স কোয়ার্টারগামী রাস্তায়  
পরীক্ষামূলকভাবে স্থাপিত ৬(ছয়)টি হাই প্রেসার সোডিয়াম লাইট স্থাপন বাবদ প্রতিটি ১০,৫০০/- (দশ  
হাজার পাঁচশত) টাকা হিসেবে মোট ৬৩,০০০/- (তেষ্ণি হাজার) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।  
এ প্রসংগে ট্রাঙ্কম ইলেক্ট্রনিক্স লিঃ এর ২০/১২/২০০৮ তারিখের পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : আলোচনাতে ট্রাঙ্কম ইলেক্ট্রনিক্স লিঃ কর্তৃক শহীদ সরণির পশ্চিম পার্শ্বে রজনীগঙ্গা অফিসার্স কোয়ার্টারগামী  
রাস্তায় পরীক্ষামূলকভাবে স্থাপিত ৬(ছয়)টি হাই প্রেসার সোডিয়াম লাইট স্থাপন বাবদ প্রতিটি ১০,৫০০/-  
(দশ হাজার পাঁচশত) টাকা হিসেবে মোট ৬৩,০০০/- (তেষ্ণি হাজার) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত  
হলো।

আলোচ্যসূচী-২৪ : বারিধারা ডিওএইচএস এলাকায় সেনা কল্যাণ সংস্থার অনন্যা শপিং কমপ্লেক্স ৬ষ্ঠ তলার উপর ওয়ারিদ  
টেলিকম কর্তৃক বেস ট্রাঙ্কমিটিং স্টেশন স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে অনন্যা শপিং  
কমপ্লেক্স কর্তৃপক্ষের ১৭/১২/২০০৮ তারিখের অনন্যা/ওয়ারিদ/২৪৭২/ নং পত্র এবং ক্যান্টনমেন্ট বোর্ডের  
০১/০১/২০০৯ তারিখের ঢাক্যাবো/এলএ/৮৪/১/৮৮ নং পত্রাদ্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনাতে বারিধারা ডিওএইচএস এলাকায় সেনা কল্যাণ  
সংস্থার অনন্যা শপিং কমপ্লেক্স ৬ষ্ঠ তলার উপর ওয়ারিদ টেলিকম কর্তৃক বেস ট্রাঙ্কমিটিং স্টেশন স্থাপনের  
বিষয়ে সিভিল এভিয়েশন ও অন্যান্য সংস্থার অনাপত্তি সাপেক্ষে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।  
বিষয়টি সেনাকল্যাণ সংস্থাকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-২৫ : মেসার্স হাবিব এন্ড সন্স, ৩৬/১ ধামালকেট, ঢাকা সেনানিবাসকে ২য় শ্রেণীর ঠিকাদার হতে ১ম শ্রেণীর  
ঠিকাদারে উন্নীত করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারের ২০/১১/২০০৮ তারিখের  
আবেদনপত্র ও নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় আলোচনাতে সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক গত ০৫(পাঁচ) বছরে সম্পাদিত কাজের গুণগত  
মান ও ব্যাংক স্টেটম্যান্ট পর্যালোচনা করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৬ : রজনীগঙ্গা সুপার মার্কেটস্ট 'এ' ব্লকের ২৯টি, 'বি' ব্লকের ০৬টি ১০(দশ) বছর মেয়াদী দোকানের মেয়াদ  
উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে পরবর্তী মেয়াদে উক্ত দোকানসমূহের ইজারা নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনাতে রজনীগঙ্গা সুপার মার্কেটস্ট 'এ' ব্লকের ২৯টি এবং 'বি' ব্লকের  
০৬টিসহ মোট ৩৫(পঁয়ত্রিশ)টি ১০(দশ) বছর মেয়াদী দোকানের মেয়াদ উত্তীর্ণ তারিখ হতে পরবর্তী  
১০(দশ) বছরের জন্য বর্তমানে নির্ধারিত হারে ঢাকা সালামী আদায় সাপেক্ষে ইজারা নবায়নের সিদ্ধান্ত গৃহীত  
হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদণ্ডে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৭ : ঢাকা সেনানিবাস এলাকায় বেসমেন্ট ফ্লোর নির্মাণসহ সর্বোচ্চ ১৫০-০' উচ্চতায় ইমারত নির্মাণের নকশা  
অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীথ সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনাতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে পূর্বে প্রেরিত খসড়া প্রজ্ঞাপনটিতে নিম্নোক্ত সংশোধনী এনে তা  
গেজেট আকারে প্রকাশের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদণ্ডে প্রস্তাব প্রেরণ করা হোক :-

“চাকা সেনানিবাসে সশস্ত্র বাহিনীর (অবসর থাণ্ড সশস্ত্র বাহিনীর প্রতিষ্ঠানসহ) সমষ্টিগত কল্যাণে ব্যক্তি মালিকানাধীন নয় এবং কল্যাণমূলক/বাণিজ্যিক (বেসমেন্ট ফ্লোরসহ) বহুতল ভবন (ইয়ে তলার অধিক) নির্মাণের ক্ষেত্রে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ভূ-গৃহ হয়ে ১৫০ (একশত পঞ্চাশ) ফুট উচ্চতা পর্যন্ত (সিঁড়িঘর/জলাধার/লিফ্টসহ) ভবন/অবকাঠামো নির্মাণ করা যাবে।

এ প্রসংগে রাওয়া ক্লাব কর্তৃপক্ষের দাখিলকৃত নকশার ৬(ছয়) তলা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে প্রবেশ ও বাহির গেইটে পূর্ব দিকে দিতে হবে।

আলোচ্যসূচী-২৮ : গত ২৬ নভেম্বর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১১(১৯) নং সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ৯ আক্রাস গার্ডেন এলাকার জনাব আলী আফজাল সুমনের ০৬(ছয়) তলা বাড়ীর বিভিং প্ল্যান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সংশ্লিষ্ট আবেদনকারীর ১১ জানুয়ারি, ২০০৯ তারিখের আবেদনপত্রখন্দন সভায় উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত :** প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে ৯, আক্রাস গার্ডেনে প্রবেশের জন্য ডিওএইচএস এর রাস্তা ব্যবহারের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএসকিউ পরিদণ্ডের এবং মহাখালী ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/এ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক আহ্সান উল্লাহ এর মৃত্যুজনিত প্রারম্ভে মরহুমের উত্তরাধিকারীদের নামে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ী নামজারীর জন্য অত্র দণ্ডে আবেদন করেন। এ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন, উত্তরাধিকার সনদপত্র ও সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত :** বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/এ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক আহ্সান উল্লাহ ০৭(সাত) জন উত্তরাধিকার রেখে মৃত্যুবরণ করেন। তাদের মধ্যে (১) বেগম মমতাজ আহ্সান, (২) বেগম ফাইজুন্নিসা এবং (৩) বেগম আশরাফুন মেসা আহ্সান হলফনামার মাধ্যমে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি অপর ০৮(চার) জনের নামে নামজারীর বিষয়ে অনাপত্তি জ্ঞাপন করেছেন। বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের প্রেক্ষিতে রেজিস্ট্রি হলফনামা দাখিল সাপেক্ষে নিম্ববর্ণিত ব্যক্তিবর্গের নামে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটির রেকর্ড পরিবর্তন/নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

ক্রমিক নং	নাম	মরহুমের সংগে সম্পর্ক	বয়স
(১)	হাসিব মোহাম্মদ আহ্সান	পুত্র	৪২ বছর
(২)	মারফ মোহাম্মদ আহ্সান	পুত্র	৪০ "
(৩)	নাফিসা আহ্সান	কন্যা	৩৬ "
(৪)	শামিমা আহ্সান	কন্যা	৩৩ "

১

আলোচ্যসূচী-৩০ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে বর্তমানে ব্যবহৃত ফটোকপিয়ারটি গত ১৯ অক্টোবর, ২০০২ তারিখে ক্রয় করা হয়েছিল। উক্ত ফটোকপিয়ারের এর মাধ্যমে এয়াবৎ ৮,৩০,০০০ (আট লক্ষ ত্রিশ হাজার) কপি ফটোকপি করা হয়েছে। দীর্ঘ দিনের পুরানো বিধায় এর অনেক যত্নাংশ অকেজো হয়ে পড়েছে। যা মেরামত করা ব্যয় সাপেক্ষে এবং এর কালি খরচও স্বাভাবিক এর তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। বর্তমানে উক্ত মেশিনটি অকেজো হয়ে পড়েছে বিধায় দৈনন্দিন দাঙ্গারিক কাজে প্রয়োজনীয় ফটোকপি বাজার থেকে করতে হচ্ছে, এতে অচুর ব্যয় হচ্ছে বিধায় জরুরী ভিত্তিতে একটি নতুন ফটোকপিয়ার মেশিন ক্রয় করা প্রয়োজন। এ প্রসংগে বিভিন্ন ডিলার/আমদানী কারক এর নিকট হতে সংগ্রহীত ব্রোশিওয়ার/ক্যাটলগ আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত :** প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান ফটোকপিয়ার মেশিনটি এমআরপি নির্ধারণ করতঃ বিক্রয়ের কার্যক্রম গ্রহণ করে Toshiba ব্রান্ডের es-1010-237 মডেলের একটি নতুন ফটোকপিয়ার মেশিন প্রকৃত সরবরাহকারী/আমদানীকারক/ডিলার এর নিকট হতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হলো। কোটেশন সংগ্রহ করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩১ : ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের নষ্ট ডায়াথারমী মেশিনটি মেরামত করার জন্য দরপত্র আহ্বান করা হলে গত ০৫ জানুয়ারি, ২০০৯ তারিখে ০৩(তিনি)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে সানী ট্রেডিং এজেন্সী প্রাঃ লিঃ, রুম নং-৩০-৩১ (২য় তলা) আজিজ সুপার মার্কেট, শাহবাগ, ঢাকা কর্তৃক প্রদত্ত ৫৮,৭৫০/- (আটান্ন হাজার সাতশত পঞ্চাশ) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত :** আলোচনাতে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের নষ্ট ডায়াথারমী মেশিনটি মেরামত করার জন্য সানী ট্রেডিং এজেন্সী প্রাঃ লিঃ, রুম নং-৩০-৩১ (২য় তলা) আজিজ সুপার মার্কেট, শাহবাগ, ঢাকা কর্তৃক প্রদত্ত ৫৮,৭৫০/- (আটান্ন হাজার সাতশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

৩২ বিবিধ (১) : (ক) রজনীগঙ্গা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে ওয়াসার নিকট হতে উদ্ধারকৃত জমিতে ০৪(চার) তলা পর্যন্ত  
 $3 \times 3 = ৯৬$ টি দোকানের নকশা ও মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

(খ) রজনীগঙ্গা সুপার মার্কেটের পশ্চিম দিকে মিরপুর ১৪ নং সেকশনের সংযোগ সড়কের পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জায়গায় ৬ তলা ভিত্তের ৪(চার)তলা পর্যন্ত  $1 \times 8 = ১৬$ টি দোকানের নকশা ও মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত :** প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনাতে (ক) রজনীগঙ্গা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে ওয়াসার নিকট হতে উদ্ধারকৃত জমিতে ০৪(চার) তলা পর্যন্ত  $3 \times 3 = ৯৬$ টি দোকানের নকশা ও মূল্যানুমান এবং (খ) রজনীগঙ্গা সুপার মার্কেটের পশ্চিম দিকে মিরপুর ১৪ নং সেকশনের সংযোগ সড়কের পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জায়গায় ৬ তলা ভিত্তের ৪(চার)তলা পর্যন্ত  $1 \times 8 = ১৬$ টি দোকানের নকশা ও মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩২ বিবিধ (২) : গত ২৬ নভেম্বর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার অনুমোদনক্রমে মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ২য় ধাপের রাস্তার উচ্চতা বৃক্ষিসহ ইটের সলিংকরণ কাজের ব্যয়ের অনুমোদনের জন্য অত্র দণ্ডরের ০৫ জানুয়ারি, ২০০৯ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/৮২২/৬১ নং পত্রের মাধ্যমে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদণ্ডের প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদণ্ডের ১৫ জানুয়ারি, ২০০৯ তারিখের ৭/এমএলএসি/ঢাকা/৪৩১-৩/শা-৮/১৩০ নং পত্রটি আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ২য় ধাপের রাস্তার উচ্চতা বৃক্ষিসহ ইটের সলিংকরণ কাজের জন্য এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক দাগুরিক মূল্যানুমান প্রস্তুত করা হয়। ২০০৭ সালের তুলনায় নির্মাণ সামগ্রীর মূল্য বর্তমানে অনেক বৃদ্ধি পাওয়ায় ঠিকাদার কর্তৃক দাখিলকৃত দর যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়। বিস্তারিত Analysis প্রস্তুত করে দাখিলকৃত দরে কাজটি সম্পাদন করার নিমিত্তে ব্যয়ের অনুমোদনের জন্য পুনরায় সামরিক ভূমি ও সেনানিবাস অধিদণ্ডের প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও ভবিষ্যতে বাজার দরের সাথে সংগতি রেখে দাগুরিক মূল্যানুমান প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদণ্ডের প্রস্তাব প্রেরণ করা হোক।

৩২ বিবিধ (৩) : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ অর্গানিমা ফিলিং স্টেশন সংলগ্ন স্থানে সিএনজি স্টেশনের শব্দ দূষণ বহুকরণ প্রসংগে গত ১৯ অক্টোবর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী- ৩৮বিবিধ(১০) এর সিদ্ধান্তের প্রেক্ষিতে বোর্ডের সম্মানিত সদস্য লেঃ কর্নেল (অবঃ) সামসুদ্দিন আহমেদ এর প্রতিবেদন আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : সুপারিশ মোতাবেক বিষয়টি সিএসডি কর্তৃপক্ষকে বিস্তারিতভাবে জানিয়ে দেয়া হোক।

৩২ বিবিধ (৪) : রজনীগঙ্কা সুপার মার্কেট কমিটির ১৮ জানুয়ারি, ২০০৯ তারিখের পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগঙ্কা সুপার মার্কেট কমিটির ১৮ জানুয়ারি, ২০০৯ তারিখের পত্রের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে মার্কেটের গার্ড, ঝাড়ুদার এবং অফিস স্টাফদের বেতন বাবদ ব্যয় নির্বাহের বিষয়টি বিবেচনা করে বাজারের দোকান বরাদ্দলাভকারী এবং ভাড়াটিয়াদের নিকট হতে ১০ হতে ৩০ বছর মেয়াদী প্রতি দোকান হতে মাসিক ২০০/- (দুইশত) টাকা এবং ১ হতে ৫ বছর মেয়াদী দোকান হতে মাসিক ১৫০/- টাকা হারে চাঁদা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩২ বিবিধ (৫) : ১৯ অক্টোবর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩৮ বিবিধ(৪) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ল্যাপরোসকপি মেশিন সংক্রান্ত তথ্যাদি আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনাতে জানা যায় যে, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ল্যাপরোসকপি মেশিনটি গত ০২ এপ্রিল, ২০০০ তারিখে ক্রয় করা হয় এবং এ যাবৎ উক্ত মেশিন এর মাধ্যমে ১৭,২৮,০০০/- (সতের লক্ষ আটাশ হাজার) টাকা আয় হয়েছে। বিস্তারিত পর্যালোচনাতে উক্ত মেশিনটি মেরামত করার নিমিত্তে সানী ট্রেডিং এজেন্সী প্রাঃ লিঃ, রুম নং-৩০-৩১ (২য় তলা) আজিজ সুপার মার্কেট, শাহবাগ, ঢাকা কর্তৃক প্রদত্ত ৫৮,৪৯০/- (আটান্ন হাজার চারশত নব্বই) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

 চলমান পাতা

৩২ বিবিধ (৬) : গত ২০ নভেম্বর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৬ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে এ যাবৎ প্রাণ্ত ২৫(পঁচিশ)টি আবেদনপত্র, ঠিকাদার তালিকাভুক্তি নীতিমালা ও সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনাতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে যাচাই বাছাই করে প্রাণ্ত ২৫ (পঁচিশ)টি আবেদনপত্র প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদণ্ডের নিরাপত্তা ছাড়ুন্ত প্রাণ্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩২ বিবিধ (৭) : ঢাকা সেনানিবাসস্থ সমিলিত সামরিক হাসপাতালের নিকটবর্তী শহীদ সরণির দুই পার্শ্বে বাস স্টপ নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনাতে যাত্রী সাধারণের জরুরী প্রয়োজনে বাস স্টপ দুটি নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ কাজে পূর্ব পার্শ্বের জন্য ৭,১৯,১৩৭/- (সাত লক্ষ উনিশ হাজার একশত সাইক্রিশ) টাকা এবং পশ্চিম পার্শ্বের জন্য ৮,২২,৩৬০/- (আট লক্ষ বাইশ হাজার তিনশত ষাট) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদণ্ডের জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ হামিদুর রহমান)  
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও  
ক্যান্টনমেন্ট একাজিকিউটিভ অফিসার  
ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল এ বি এম তারেফুল ইসলাম)  
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও  
স্টেশন কমান্ডার  
ঢাকা সেনানিবাস।